

# আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

রেজি: নং: ট-০৮৮২৮, ফোন: ৮০০১২২২

ঠিকানা: আই/৩/৪, আরিফাবাদ হাউজিং সোসাইটি, রূপনগর। ঢাকা - ১২১৬।

## কার্যনির্বাহী পরিষদের ৭৫তম সভার কার্যবিবরণী

১৪ জুলাই ২০২৫ ইং, সোমবার, বাদ মাগরিব 'আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি'র কার্যনির্বাহী পরিষদের ৭৫তম সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় কার্যনির্বাহী পরিষদের ১৫ (পনের) জন সম্মানিত সদস্য উপস্থিত ছিলেন। এছাড়াও সমিতির সম্মানিত উপদেষ্টা জনাব মোঃ শাহিন রহমান এবং প্রকৌশলী জনাব খন্দকার ইমদাদুল হক উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব এম. এ. খালেক এবং সভা পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির।

সভার শুরুতে সমিতির কার্যনির্বাহী পরিষদের সদস্য জনাব মোঃ হুমায়ুন কবির পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন। এরপর সমিতির সিনিয়র সহ-সভাপতি জনাব মোঃ আব্দুর রশিদ এবং সাংগঠনিক সম্পাদক জনাব মোঃ নূরুল ইসলাম অসুস্থ থাকায় তাঁদের দ্রুত আরোগ্য কামনায় দোয়া করা হয়। সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির পূর্ববর্তী ৭৪তম কার্যনির্বাহী পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করেন, যা সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মতিতে গৃহীত হয়। পূর্বঘোষিত এজেন্ডার আলোকে বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) নবগঠিত কার্যনির্বাহী পরিষদের কার্যক্রম সুচারুভাবে পরিচালনার লক্ষ্যে বিষয়ভিত্তিক উপ-কমিটি পুনর্গঠন করা অপরিহার্য বিবেচিত হয়। সভায় উপস্থিত সম্পাদকমণ্ডলী ও সম্মানিত সদস্যবৃন্দের প্রস্তাবনা ও সম্মতিক্রমে নিম্নলিখিত উপ-কমিটিসমূহ গঠন ও অনুমোদিত হয়:

ক) নিরাপত্তারক্ষী সংক্রান্ত উপ-কমিটি:

আহ্বায়ক	জনাব এ. এস. এম. আক্তার হোসেন
সদস্য	জনাব আবু বকর সিদ্দিক
সদস্য	জনাব মো: সাইফুল ইসলাম

খ) চাঁদা ও অর্থ সংক্রান্ত উপ-কমিটি:

আহ্বায়ক	জনাব এ. এস. এম. আক্তার হোসেন
সদস্য	জনাব মোহাম্মদ ইসমাইল বাবলু
সদস্য	জনাব মো: নজরুল ইসলাম

গ) ভবন ও নির্মাণ তদারকি সংক্রান্ত উপ-কমিটি:

আহ্বায়ক	প্রকৌশলী জনাব মো: হুমায়ুন কবির
সদস্য	ইঞ্জিনিয়ার জনাব খন্দকার এমদাদুল হক
সদস্য	জনাব এ. এস. এম. আক্তার হোসেন

ঘ) সালিশি বিচার সংক্রান্ত উপ-কমিটি

আহ্বায়ক	জনাব এম. এ. খালেক
সদস্য	প্রকৌশলী জনাব মো: হুমায়ুন কবির
সদস্য	জনাব মোহাম্মদ ইসমাইল বাবলু
সদস্য	জনাব এ. এস. এম. আক্তার হোসেন

ঙ) পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত উপ-কমিটি:

আহ্বায়ক	জনাব মো: নজরুল ইসলাম
সদস্য	জনাব মো: রুহুল আমীন হীরা
সদস্য	মোঃ আলমগীর হোসেন

# আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

রেজি: নং: ট-০৮৮২৮, ফোন: ৮০০১২২২

ঠিকানা: আই/৩/৪, আরিফাবাদ হাউজিং সোসাইটি, রূপনগর। ঢাকা - ১২১৬।

- ২) সমিতির সম্মানিত উপদেষ্টা জনাব মোঃ শাহিন রহমান এলাকায় নিযুক্ত নিরাপত্তাকর্মীদের কর্মদক্ষতা ও কার্যক্রম নিয়ে উদ্বেগ ও অসন্তোষ প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন যে, কিছু নিরাপত্তাকর্মীর দায়িত্ব পালনে গাফিলতি পরিলক্ষিত হচ্ছে, যা সমগ্র নিরাপত্তা ব্যবস্থার উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। এমতাবস্থায়, নিরাপত্তাকর্মীদের দলটিকে টেলে সাজানো এবং তাদের কার্যক্রমের উপর তদারকি জোরদার করার ওপর তিনি গুরুত্বারোপ করেন। এ বিষয়ে নিরাপত্তা সংক্রান্ত উপ-কমিটিকে আরও সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানানো হয় এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।
- ৩) আরিফাবাদ আবাসিক এলাকার সদস্যদের সন্তানদের লেখাপড়ায় আরও উৎসাহ প্রদান ও তাদের সাফল্যকে সম্মান জানাতে, ২০২৫ সালে অনুষ্ঠিত এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ (বা সমপর্যায়ের ফলাফল) প্রাপ্ত মেধাবী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এই লক্ষ্য বাস্তবায়নের অংশ হিসেবে, আগামী আগস্ট মাসের দ্বিতীয় সপ্তাহে আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতির উদ্যোগে একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ উপলক্ষে সমিতির সম্মানিত সদস্যদের যেসব সন্তান ২০২৫ সালের এস.এস.সি. অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০ (বা সমপর্যায়ের ফলাফল) অর্জন করেছে, তাদেরকে ৩০ জুলাই ২০২৫ তারিখের মধ্যে নিজের নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, এক কপি পাসপোর্ট সাইজ ছবি এবং পরীক্ষার মার্কশীটের ফটোকপি সমিতির কেয়ারটেকার জনাব মুহাম্মাদ ওমর ফারুক (মোবাইল নম্বর ০১৫৩৮০৫৫২৩২) এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ৪) অত্র আবাসিক এলাকার বিভিন্ন স্থানে অস্থায়ী বা স্থায়ীভাবে ভ্যানগাড়ি স্থাপন করে দোকান বসানো হয়েছে, যা এলাকার বাসিন্দাদের স্বাভাবিক চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। এমতাবস্থায়, এলাকার জনস্বার্থ বিবেচনায় সকল ভ্যানগাড়ি রাস্তা থেকে অপসারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে যেসব ভবনের সম্মুখভাগে ভ্যানগাড়ি স্থাপন করা হয়েছে, তাদের সার্বিক সহযোগিতা কামনা করা হচ্ছে, যাতে এলাকা পরিচ্ছন্ন, নিরাপদ ও চলাচলের উপযোগী থাকে।
- ৫) সম্প্রতি আরিফাবাদ আবাসিক এলাকা এবং তার আশেপাশে ডেস্কুজ্বরের প্রকোপ বেড়ে যাওয়ায় সমিতির পক্ষ থেকে সকল সম্মানিত সদস্যদের নিজ নিজ অবস্থান থেকে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ যেমন: বাড়ির চারপাশে পানি জমে থাকার সম্ভাব্য স্থানগুলো গোছের টব, ডাবের খোসা, পরিত্যক্ত পাত্র, এসি/ফ্রিজের ট্রে ইত্যাদি) নিয়মিত পরিষ্কার করা এবং রাত্রে ও দিনে মশারি ব্যবহার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

সভা শেষে, সমিতির কার্যনির্বাহী পরিষদের সদস্য জনাব মোঃ শামসুল আলম তাঁর পুত্রের এস.এস.সি. পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্তির আনন্দে উপস্থিত সকলকে মিস্ট্রান্ন দিয়ে আপ্যায়ন করেন। আজকের সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায়, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

এম. এ. খালেক  
সভাপতি

প্রকৌশলী মো: হুমায়ুন কবির  
সাধারণ সম্পাদক